

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৪৪

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৬. তৃতীয় অনুচ্ছেদ - হাঁচি দেয়া এবং হাই তোলা

### আরবী

عَنْ نَافِعٍ: أَنَّ رَجُلًا عَطَسَ إِلَى جَنْبِ ابْن عمَرَ فَقَالَ: الْحَمْدُ لِلَّهِ وَالسَّلَامُ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ ابْنُ عُمَرَ: وَأَنَا أَقُولُ: الْحَمْدُ لِلَّهِ وَالسَّلَامُ عَلَى رَسُولِ اللَّهِ وَلَيْسَ هَكَذَا. عَلَّمَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ نَقُولَ: الْحَمْدُ لِلَّهِ عَلَى كُلِّ حَالٍ. رَوَاهُ البَّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

#### বাংলা

8988-[১৩] নাফি' (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, জনৈক ব্যক্তি 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ)-এর পাশে হাঁচি দিলো এবং বলল, ''আলহামদুলিল্লা-হ ওয়াসসালা-মু 'আলা রসূলিল্লা-হ'' (অর্থাৎ- সকল প্রশংসা আল্লাহ তা'আলার এবং সালাম রসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর)। 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) বললেনঃ আমি বলছি- ''আলহামদুলিল্লা-হ ওয়াস্পালা-মু 'আলা রসূলিল্লা-হ''; পদ্ধতি নয়। রসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে শিখিয়েছেন যে, (যদি আমাদের কারো হাঁচি আসে) যেন আমরা বলি, ''আলহামদুলিল্লা-হি 'আলা কুল্লি হাল' অর্থাৎ- সর্বাবস্থায় প্রশংসা আল্লাহরই জন্য। (ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেন, এ হাদীসটি গরীব।)[1]

## ফটনোট

[1] হাসান : তিরমিয়ী ২৭৩৮, ইরওয়াউল গালীল ৩/২৪৫, সহীহ আল আদাবুল মুফরাদ-এর ৭১৮ নং হাদীসের টীকা দ্রঃ।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ উল্লেখিত হাদীসে বর্ণিত রয়েছে যে, 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ)-এর পাশে জনৈক ব্যক্তি হাঁচি দিয়ে বলল, ''আলহামদুলিল্লা-হ ওয়াসসালা-মু 'আলা রসূলিল্লা-হ''। মিরকাতুল মাফাতীহ গ্রন্থের প্রণেতা বলেছেনঃ সম্ভাবনা রয়েছে যে, জনৈক ব্যক্তিটি এই শারী'আতের বিধান সম্পর্কে মুস্তাহাব মনে করে ছিল। 'আবদুল্লাহ ইবনু



'উমার (রাঃ) বলেছেন, আমি হাঁচি দিয়ে ''আলহামদুলিল্লা-হ ওয়াসসালা-মু 'আলা রসূলিল্লা-হ'' বলি। কিন্তু প্রকৃতপক্ষ এটা রসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর শিক্ষার পরিপন্থী। কেননা রসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম হতে যেমন বর্ণিত হয়েছে তার থেকে কম-বেশি, যোজন-বিয়োজন না করে হুবহু সেভাবে বলা উত্তম। হাঁচি দেয়ার সময় হাঁচিদাতার আরাম অনুভব হোক কিংবা দুঃখ-বেদনা অনুভব হোক সর্বাবস্থায় আল্লাহর প্রশংসা আদায় করতে হবে। এজন্য আল্লাহ তা'আলা হাঁচিকে পছন্দ করেন যে, বান্দা সুখে থাক বা দুঃখের মাঝে থাক সর্বদা আল্লাহর শুকরিয়া আদায় করে। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন